**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**27 MARCH 2025** **7:35 AM PM IST**

==========================================================================

নর্বাচন কমিশনের উদ্যোগে গতকাল থেকে নতুন দিল্লিতে প্রথমবারের মতো আয়োজিত  এক লক্ষেরও অধিক বুথ পর্যায়ের আধিকারিক এবং বি এল ও'দের প্রশিক্ষণ কার্যসূচী আজ শেষ হচ্ছে । এই কার্য্যসূচিতে  আসাম, বিহার এবং পশ্চিমবঙ্গের ১০৯ জন বি এল ও  অংশগ্রহণ করেছেন । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও নির্বাচন কমিশনার ডঃ বিবেক যোশী দুদিনের এই প্রশিক্ষণ কার্যসূচীর সূচনা করেন । দেশের প্রতিটি ভোটকেন্দ্রের কমপক্ষে একজন বি এল ও'কে পরবর্তী কয়েক বছরে এই প্রশিক্ষণ কার্যসূচীর আওতায় প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্য হাতে নেওয়া হয়েছে ।  ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইনের আওতায় বুথ পর্যায়ের আধিকারিকদের তাদের ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে সচেতন করে তোলার উদ্দেশ্যে এই কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।

---

গুণোৎসব ২০২৫ এর ফলাফল আজ ঘোষনা করা হবে । শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু গতকাল সামাজিক মাধ্যমে জানান যে চলতি বছরের

গুণোৎসবে বিদ্যালয়ের সামগ্রিক কার্যসূচীতে উৎকৃষ্ট গুনগত মান বজায় রেখে অবাধ ও স্বচ্ছভাবে মূল্যায়ন কার্যসূচির আয়োজন করা রাজ্যের বাছাই করা তিনটি জেলাকে প্রশংসামূলক পুরস্কার প্রদান করা হবে । এছাড়া অনুষ্ঠানে আরোহণ কার্যসূচীর অধীনে ৪ হাজার ৩২০ জন শিক্ষার্থীকে ট্যাবলেট প্রদান করা হবে এবং গতবছরের গুণোৎসবে এ প্লাস গ্রেড লাভ করা ১১ হাজার ৫শে ৯৪ টি বিদ্যালয়কে উৎকৃষ্টতার স্বীকৃতিস্বরূপ ২৫ হাজার টাকা করে উৎসাহমূলক অনুদান প্রদান করা হবে । উল্লেখ্য রাজ্যের প্রত্যেক শিক্ষার্থীকে গুনগত শিক্ষাদানের সংকল্পে সরকারের ২০১৭ সাল থেকে আয়োজন করা গুণোৎসবে এপর্যন্ত ৪৪ হাজার ৭৭ টি বিদ্যালয়ের ৩৮ লক্ষ ৯৮ হাজারেরও অধিক শিক্ষার্থীর শিক্ষার মূল্যায়ন করা হয়েছে ।

---

রাজ্যে এখন থেকে মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষার কেন্দ্র বেসরকারী বিদ্যালয় ও অপ্রাদেশিকীকৃত বিদ্যালয়কে দে ওয়া হবে না বলে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ সিদ্ধান্ত নিয়েছে । মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষা কেবল সরকারী বিদ্যালয়ে আয়োজন করা হবে । পর্ষদ থেকে কড়া নিরাপত্তার মাধ্যমে পরীক্ষার প্রশ্নপত্রগুলি পরীক্ষা কেন্দ্রে নেওয়া হবে এবং পরীক্ষার দিন থানা থেকে পরীক্ষা কেন্দ্রে প্রশ্নপত্র বিতরণ করা হবে । একাদশ শ্রেনীর বাকী থাকা পরীক্ষাগুলির ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য হবে ।

---

রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস গতকাল সংসদ ভবনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করে শ্রীভূমি জেলায় বিজ্ঞান গবেষনা প্রতিষ্ঠান স্থাপনের দাবী জানিয়ে প্রধানমন্ত্রীকে একটি স্মারক পত্র প্রদান করেছেন । স্মারক পত্রে সীমান্ত জেলা শ্রীভূমিতে বিজ্ঞান বিষয়কে আরো জনপ্রিয় করে

তুলতে বিজ্ঞান গবেষনা প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজনীয়তা সর্ম্পকে উল্লেখ করা হয়েছে । স্মারক পত্রের প্রতিলিপি রাজ্যের মূখ্যমন্ত্রীর কাছেও পাঠানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার মণিপুর বন সংমন্ডলের অর্ন্তগত সাহাবাদ , কৃষ্ণপুর অঞ্চলে বাঘের আতংক দেখা দিয়েছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে মোবাইল ফোনে বাঘ সদৃশ্য প্রাণীর মুক্ত বিচরন লক্ষ করা গেছে । ইতিমধ্যে এই প্রাণীটি কয়েকটি গৃহপালিত পশুকে আক্রমন করেছে বলে খবর পাওয়া গেছে । তবে বন বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে মোবাইলে বন্দী হওয়া প্রানীটি বাঘ নয় , এটি বন বিড়াল । বন বিভাগের পক্ষ থেকে এই প্রানীটিকে ধরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে বলে বন বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

আজ বারুনী মেলা । এ উপলক্ষ্যে হাইলাকান্দি জেলার পাঁচগ্রাম সিদ্ধেশ্বর শিব মন্দির সংলগ্ন বরাক নদীতে আজ বারুনী স্নান অনুস্ঠিত হচ্ছে । এছাড়াও ভক্তরা বরাক নদীর অন্যান্য ঘাটেও আজ বারুনী স্নান করছেন । উল্লেখ্য গতকাল রাত দুটো ৩০ মিনিট থেকে মধুকৃষ্ণা ত্রয়োদশী শুরু হয়েছে যা আজ রাত ১১টা তিন মিনিট পর্য্যন্ত চলবে ।

---

অখিল ভারতীয় বির্দ্যাথী পরিসদের হাইলাকান্দি জেলা শাখার পক্ষ থেকে বিভিন্ন দাবীর সর্মথনে গতকাল জেলা আয়ুক্তের মাধ্যমে রাজ্যের শিক্ষামন্ত্রীর

উদ্দেশ্যে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে । স্মারক পত্রে কমন ইউনিভার্সিটি এন্ট্রান্স টেষ্ট পরিক্ষার কেন্দ্র হাইলাকান্দি জেলায় করার দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে সংগঠনের পক্ষে নিকিতা দেবরায় , কুনাল চন্দ প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- জেলায় খাদ্য সুরক্ষা যোজনার এপ্রিল মাসের চাল বরাদ্দ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে অন্তোদয় অন্ন যোজনার কার্ডধারীদের জন্য ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বন্টন করা হবে । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে এপ্রিল মাসে ১০ তারিখের মধ্যে অন্ন সেবার দিনগুলিতে ই-পস মেশিনের মাধ্যমে বন্টন করতে হবে ।

---

শিলচর ইন্ডিয়া ক্লাব পরিচালিত অনুর্ধ-১৯ আন্ত-একাডেমী ক্রিকেট প্রতিযোগীতার আগামীকালের খেলায় হাইলাকান্দির ব্লাড মাউথ ক্রিকেট একাডেমী খেলবে শিলচর জেলা ক্রিড়া সংস্থা একাডেমীর বিরুদ্ধে ।
এদিকে গতকাল শিলচর জেলা ক্রীড়া সংস্থা একাডেমী ৮ উইকেটে রামকৃষ্ণনগর ক্রিকেট একাডেমীকে পরাজিত করে । রামকৃষ্ণনগর ক্রিকেট একাডেমী টসে জিতে প্রথমে ব্যাট করে ২৫ ওভার দুই বলে ১০ উইকেট হারিয়ে ৯৫ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে জেলা ক্রীড়া সংস্থা একাডেমী দুই উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌছে যায় ।

==================================================================